ন্যায্য বেতনের দাবিতে ঢাকায় চাঁপাইনবাবগঞ্জ-চট্টগ্রাম রুটে বাস ধর্মঘট



সংগৃহীত ছবি

চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী ও নাটোরের বাস শ্রমিকরা ন্যায্য বেতন ও অন্যান্য দাবি আদায়ে ঢাকা, চট্টগ্রাম ও কক্সবাজার রুটের বাস চলাচল অনির্দিষ্টকালের জন্য বন্ধ করেছেন। ধর্মঘটের ফলে যাত্রীরা সমস্যায় পড়েছেন।

শ্রমিকরা ন্যায্য বেতন এবং অন্যান্য দাবির কারণে সোমবার (২২ সেপ্টেম্বর) সকাল থেকে দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ রুটে বাস চলাচল স্থগিত রেখেছেন। এতে চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর থেকে ঢাকা, চট্টগ্রাম ও কক্সবাজার রুটে চলাচলকারী দেশ ট্রাভেলস, ন্যাশনাল ট্রাভেলস, গ্রামীণ ট্রাভেলস, হানিফ ও হানিফ কেটিসি অনির্দিষ্টকালের জন্য বন্ধ রয়েছে।

বাস চালক ও শ্রমিকদের অভিযোগ, চাঁপাইনবাবগঞ্জ থেকে ঢাকায় যাতায়াতে একজন চালককে মাত্র ১৩৫০ টাকা, সুপারভাইজারকে ৫৭০ টাকা এবং হেলপারকে ৫৩০ টাকা দেয়া হয়। ১৫ বছর ধরে তাদের বেতন বাড়ানো হয়নি। মালিকদের সঙ্গে বৈঠকেও সমাধান না হওয়ায় ভোর থেকে সমস্ত ঢাকা-চট্টগ্রাম-সিলেট রুটের বাস বন্ধ রাখা হয়েছে। তবে একতা পরিবহনের কিছু বাস চলাচল করছে।

ধর্মঘটের কারণে যাত্রীদের ভোগান্তি দেখা দিয়েছে। অভ্যন্তরীণ রুটের লোকাল বাস চললেও, উল্লেখিত রুটে বাস চলাচল পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে।

এর আগে, একই দাবিতে একদিনের জন্য রাজশাহী-ঢাকা রুটে বাস বন্ধ ছিল। দাবি পূরণ না হওয়ায় শুক্রবার শ্রমিকরা নতুন এই ধর্মঘটের কর্মসূচি ঘোষণা করেছেন।